দৈনিক
ইনকিলাব

তারিখ 12 MAY 2003
পৃষ্ঠা ৩ কলাম ৩

ম • হা • ন • গ • র

# পিএসসির নতুন নিয়মের প্রতিবাদে রাবি ক্যাম্পাসে অবিরাম মিছিল

রাঃবিঃ রিপোর্টারঃ পিএসসির নতুন নিয়মের প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিবাদমুখর হয়ে উঠেছে। ক্যাম্পাস ও হলসমূহে চলছে অবিরাম মিছিল। আজ (সোমবার) প্রতিবাদ সভার ডাক দিয়েছে।

পিএসসি বিসিএস পরীক্ষায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলা ও ইংরেজীতে আলাদাভাবে শতকরা ৪৫ ভাগ নম্বর পাওয়ার যে নিয়ম করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা তা ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। তারা বলছে, পিএসসির বর্তমান চেয়ারম্যান সম্পূর্ণ অযোগ্য। ইতোপূর্বে ২৪তম বিসিএস পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় তার অযোগ্যতা ও অদক্ষতার প্রমাণ দিয়েছেন। তিনি সরকারকে বেকায়দায় ফেলার এবং জনবিচ্ছিন্ন করার জন্যই নতুন নিয়ম প্রণয়ন করেছেন। দেশে এমনিতেই চাকরির সমস্যা প্রকট। বেকার সমস্যা প্রতুল। এ অবস্থায় নতুন নিয়মের ফলে দেশের অসংখ্য ছাত্রছাত্রী বিসিএস পরীক্ষা থেকে বঞ্চিত হবে। বাংলা এবং ইংরেজীতে ৪৫ ভাগ নম্বর পেলেই কেউ ভাল ছাত্র হয় না। সার্বিক বিষয় বিবেচনা করেই ভাল ছাত্র নির্ধারিত হয়। তাই একটি খোঁড়া যুক্তি দেখিয়ে দেশের হাজার হাজার ছাত্রছাত্রীকে পিএসসির মাধ্যমে সরকারের প্রথম শ্রেণীর চাকরি থেকে বঞ্চিত করার ষড়যন্ত্র করা হচ্ছে। এ প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর শামসুল আলম সরকার বলেন, এই সিদ্ধান্তের ফলে অনেক মেধাবী ছাত্রই বিসিএস পরীক্ষা থেকে বঞ্চিত হবে। প্রকৃত মেধাবীরা চাকরি থেকে বঞ্চিত হয়ে বেকার হবে। এতে করে অরাজকতা এবং সন্ত্রাস বৃদ্ধি পাবার আশংকা রয়েছে। সরকারের দিক থেকে তরুণ সমাজ মুখ ফিরিয়ে নেবে।